[redacted]

[redacted]

কারাদণ্ড প্রদান করেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, দুই আসামিকেই আদালতের মাধ্যমে সংক্ষিপ্ত বিচারে দণ্ড প্রদান করা হয়েছে। মাদক নিয়ন্ত্রণে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে নারী চোর চক্রের ছয় সদস্য আটক

মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে রোগীর টাকা ও মোবাইল ফোন চুরির চেষ্টা করতে গিয়ে নারী চোর চক্রের ছয় সদস্যকে হাতেনাতে আটক করা হয়েছে। পরে তাদের মেহেরপুর সদর থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়।

মঙ্গলবার (২১ জুলাই) দুপুরে হাসপাতালের শিশু বিশেষজ্ঞ চিকিৎসকের চেম্বারের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও হাসপাতাল সূত্রে জানা যায়, গাংনী উপজেলার ধলা গ্রামের বাসিন্দা রানী খাতুন তার শিশুকে নিয়ে চিকিৎসা নিতে হাসপাতালে আসেন। শিশু বিশেষজ্ঞের চেম্বারের সামনে সিরিয়ালে দাঁড়িয়ে থাকা অবস্থায় চক্রটির সদস্যরা কৌশলে তার ব্যাগ থেকে টাকা চুরি করে। পরে মোবাইল ফোন নেওয়ার চেষ্টা করলে তিনি বিষয়টি টের পেয়ে চিৎকার করেন।

এ সময় হাসপাতালের নিরাপত্তাকর্মী, রোগীর স্বজন ও উপস্থিত লোকজন ছয় নারীকে আটক করেন। পরে খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাদের হেফাজতে নেয়।

প্রাথমিকভাবে আটক নারীরা জামালপুর জেলার বিভিন্ন এলাকার বাসিন্দা বলে জানা গেছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

হাসপাতাল সূত্রে জানা গেছে, বেশ কিছুদিন ধরেই হাসপাতালের বিভিন্ন

ওয়ার্ড ও বহির্বিভাগে চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের স্বজনদের টাকা, মোবাইল ফোনসহ মূল্যবান জিনিসপত্র চুরি ও ছিনতাইয়ের অভিযোগ পাওয়া যাচ্ছিল।মঙ্গলবারের এ ঘটনার পর চক্রটির সদস্যরা ধরা পড়ায় রোগী ও স্বজনদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে। পুলিশ আটক ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ করছে এবং তাদের সঙ্গে আরও কেউ জড়িত আছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

মহেশপুরে ভারতীয় মাদক উদ্ধার, পিতা-পুত্রসহ আটক ৪

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় বিপুল পরিমাণ ভারতীয় মাদকদ্রব্যসহ পিতা-পুত্রসহ চার মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।
মঙ্গলবার (১৪ জুলাই) ভোররাতে উপজেলার তালসার গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটকরা হলেন মহেশপুর উপজেলার তালসার গ্রামের ইসরাফিল হোসেন, তাঁর ছেলে আশিকুর রহমান, সাদিকুল রহমান এবং একই গ্রামের বাবুল হোসেন।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশের একটি দল চিহ্নিত মাদক কারবারি ইসরাফিল হোসেনের বাড়িতে অভিযান চালায়। এ সময় তার বাড়ি থেকে ১৪৪ বোতল ভারতীয় স্কাফ সিরাপ, বন্ধ্যাত্বের চিকিৎসায় ব্যবহৃত ৫০০ পিস ভারতীয় অবৈধ ইনজেকশন, তিনটি মোবাইল ফোন এবং মাদক পরিবহনে ব্যবহৃত একটি ইজিবাইক জব্দ করা হয়। জব্দকৃত আলামতের আনুমানিক বাজারমূল্য ১৩ লাখ ৩২ হাজার টাকা।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান বলেন, “মাদকের বিরুদ্ধে আমরা জিরো টলারেন্স নীতি অনুসরণ করছি। আটক ব্যক্তিদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে মামলা দায়ের করা হয়েছে। পরে তাদের আদালতে সোপর্দ করা হয়েছে।”

ঝিনাইদহে ৮ বছরের শিশুকে যৌনহয়রানির অভিযোগে মুদি দোকানি আটক

ঝিনাইদহ শহরের ভুটিয়ারগাতি এলাকায় ৮ বছরের কন্যা শিশুকে যৌন হয়রানির অভিযোগে লিটন বিশ্বাস (৫৫) নামের এক মুদি দোকানিকে আটক করেছে পুলিশ। আজ শুক্রবার দুপুরে ভুটিয়ারগাতি বিশ্বাসপাড়া এলাকা থেকে আটক করা হয়।

স্থানীয়রা জানায়, দুপুরে ওই দোকানি ৮ বছরের এক শিশুকে চকলেট দেওয়ার লোভ দেখিয়ে যৌন হয়রানি করে। শিশুটি বিষয়টি বাড়িতে গিয়ে জানালে পরিবারের লোকজন ও স্থানীয়রা তাকে গণপিটুনি দেয়। পরে পুলিশে খবর দিয়ে পুলিশ তাকে আটক করে। এর আগেও লিটনের বিরুদ্ধে একই অভিযোগ ছিলো বলে জানিয়েছে স্থানীয়রা।

ঝিনাইদহ সদর থানার ওসি আসাদউজ্জামান বলেন, শিশুটিকে যৌন হয়রানির অভিযোগ লিটন বিশ্বাসকে থানায় আনা হয়েছে। পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে সে অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কোটচাঁদপুর ২০ পুরি গাঁজাসহ ব্যবসায়ী আটক

গাঁজা “আর খাবো না, মসজিদে ৫ ওয়াক্ত নামাজ পড়ব” বলে ক্ষমা প্রার্থনা! ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুর ইউনিয়নে সাফদারপুর বাজারে ১০০ পুরি গাঁজা এবং মাদক সেবনের সরঞ্জামসহ রিপন নামের এক মাদক ব্যবসায়ী ও সেবনকারীকে হাতেনাতে আটক করেছে স্থানীয় উৎসুক জনতা।

দীর্ঘদিন ধরে এলাকায় মাদক বিক্রি ও সেবনের অভিযোগ ছিল রিপনের বিরুদ্ধে। গতকাল সন্ধ্যা বেলা সাফদারপুর বাজারে গোপন সংবাদের

ভিত্তিতে স্থানীয় জনতা তাকে ঘিরে ফেলে। পরবর্তীতে তল্লাশি চালিয়ে তার কাছ থেকে ১০০ পুরি গাঁজা এবং মাদক তৈরির বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়।

জনতার হাতে আটক হওয়ার পর রিপন নিজের ভুল স্বীকার করেন এবং কান্নায় ভেঙে পড়েন। উপস্থিত সবার সামনে হাত জোড় করে তিনি বলেন, ”আমি আর কোনোদিন গাঁজা খাবো না এবং বিক্রিও করবো না। আমাকে একটা শেষ সুযোগ দিন। আমি এখন থেকে সাফদারপুর বাজারের মসজিদে নিয়মিত পাঁচ ওয়াক্ত নামাজ পড়বো এবং ভালো পথে চলবো স্হানীয় জনগণ তাঁকে শেষ বারের মতো ভালো হওয়ার সুযোগ দিয়ে ছেড়ে দেন।

গাংনীতে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ১০ পিস ইয়াবাসহ ঝন্টু কর্মকার
(৪৬) ও হায়দার আলী (৫০) নামে দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় গাংনী থানার ১ নম্বর কাথুলী ইউনিয়নের মাইলমারী গ্রামে হায়দার আলীর বসতবাড়ির উঠান থেকে ১০ পিস ইয়াবাসহ তাদের আটক করা হয়।

আটক ঝন্টু কর্মকার হিন্দাভিটাপাড়ার মৃত আব্দুল খালেক কর্মকারের ছেলে এবং হায়দার আলী মাইলমারী চকপাড়ার মৃত আরমান আলীর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) প্রদীপ কুমার সানা জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের একটি দল মঙ্গলবার সন্ধ্যায় গাংনী থানার কাথুলী ইউনিয়নের মাইলমারী গ্রামে অভিযান পরিচালনা করে। অভিযানে হায়দার আলীর বসতবাড়ির উঠান থেকে ১০ পিস ইয়াবাসহ ঝন্টু কর্মকার ও হায়দার আলীকে আটক করা হয়।

তিনি আরও জানান, আটক দুজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে

মামলা দায়ের করে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

দামুড়হুদায় চকলেটের প্রলোভনে স্কুলছাত্রীকে অপহরণের চেষ্টা, যুবক আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার ইব্রাহিমপুর গ্রামে চকলেট কিনে দেওয়ার প্রলোভন দেখিয়ে এক স্কুলছাত্রীকে অপহরণের চেষ্টার অভিযোগে মোঃ জনি (২০) নামের এক যুবককে আটক করেছে স্থানীয় জনতা।

পরে তাকে দামুড়হুদা মডেল থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়েছে। ওই ঘটনায় গতকাল সোমবার (৬ জুলায়) রাত ৯টার দিকে মেয়ের বাবা হৃদয় বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় নারী ও শিশু নির্যাতন আইনে মামলা হয়েছে। আটকৃত জনি বিষ্ণুপুর (কাসারীপাড়া) গ্রামের সৌরভ হোসেনের ছেলে।

আজ মঙ্গলবার দুপুরে আসামিকে আদালতে পাঠিয়েছে মডেল থানা পুলিশ।মামলার এজাহার সূত্রে জানা গেছে, ইব্রাহিমপুর (মসজিদপাড়া) গ্রামের বাসিন্দা পাখিভ্যানচালক মো.হৃদয় আলীর মেয়ে লিলাফী খাতুন
(০৯) একই গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণির ছাত্রী।

গতকাল সোমবার সকাল ৯টার দিকে স্কুলে যাওয়ার পথে ইব্রাহিমপুর বড় মসজিদের পাশের একটি দোকানে চকলেট কিনতে দাঁড়ায় তখন দোকানে দোকানদার ছিলনা। এ সময় মো, জনি সেখানে এসে নিজেকে শিশুটির বাবার বন্ধু পরিচয় দিয়ে অন্য দোকান থেকে চকলেট কিনে দেওয়ার কথা বলে।

শিশুটি তার কথায় বিশ্বাস করে জনির বাইসাইকেলে ওঠে।তখন সে,স্কুলের দিকে না গিয়ে শিশুটিকে ইব্রাহিমপুর কবরস্থানের পাশ দিয়ে অন্য পথে নিয়ে যেতে শুরু করলে শিশুটি চিৎকার করে। তার চিৎকার শুরু করে তার চিৎতকার শুনে স্থানীয় লোকজন ছুটে এসে জনিকে আটক করে।

পরে তাকে বিষ্ণুপুর বাজারের একটি ক্লাবঘরে আটকে রাখা হয় এবং শিশুটির পরিবারের সদস্যদের খবর দেওয়া হয়।

খবর পেয়ে শিশুটির বাবা ঘটনাস্থলে গিয়ে মেয়ের কাছ থেকে ঘটনার বিস্তারিত জানতে পারেন। পরে স্থানীয় লোকজন সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বিষয়টি দামুড়হুদা মডেল থানায় জানালে রাত সাড়ে ৮টার দিকে থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্ত যুবক ও শিশুটিকে নিজেদের হেফাজতে নেয়।

স্থানীয়দের মারধরে আহত হওয়ায় অভিযুক্তকে প্রথমে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হয়। পরে শিশুটির বাবার দায়ের করা মামলায় তাকে গ্রেপ্তার দেখিয়ে আজ মঙ্গলবার আদালতে সোপর্দ করা হয়েছে।

এ ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত আজাদ রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এ বিষয়ে নারী ও শিশু নির্যাতন আইনে মামলা হয়েছে।আসামিকে আজ দুপুরে আদালতে সোর্পদ করা হয়েছে।

মেহেরপুরে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে অভিযান চালিয়ে ১১ পিস ইয়াবাসহ মো: সাজু আহমেদ (২৩) নামের একজনকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

শনিবার সন্ধ্যায় মেহেরপুর পৌরসভার ৬ নং ওয়ার্ডের নীল এন্টার প্রাইজের সামনে ইয়াবা বিক্রয়কালে সেখানে ইয়াবাসহ আটক করে ডিবি।

আটক সাজু আহমেদ মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের বাসিন্দা।

মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি প্রদীপ কুমার সানা বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবি পুলিশের একটি টিম অভিযান চালিয়ে শনিবার সন্ধ্যায় পৌরসভার ৬ নং ওয়ার্ডের নীল এন্টার প্রাইজের

সামনে ইয়াবা বিক্রয়কালে সেখানে ১১ পিচ ইয়াবা সহ আটক করে ডিবি।

আটককৃত সাজু আহমেদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে থানায় হস্তান্তর করা হয়েছে।

কুষ্টিয়ায় ২ হাজার পিস ইয়াবাসহ মাদক কারবারি আটক

কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় মাদকবিরোধী বিশেষ অভিযানে ২ হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. মিলন আহমেদ (৩৫) নামে এক মাদক কারবারিকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কুষ্টিয়ার কর্মকর্তারা।

গতকাল মঙ্গলবার (৩০ জুন) সন্ধ্যা ৬টা থেকে সাড়ে ৬টার মধ্যে কুমারখালী থানার চড়াইকোল রেল ক্রসিংয়ের পূর্ব পাশে রাজবাড়ী- কুষ্টিয়া মহাসড়কে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটককৃত মাদক কারবারি মো. মিলন আহমেদ দৌলতপুর উপজেলার পিয়ারপুর বেলতলা এলাকার মিরাজুল বিশ্বাসের ছেলে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে পরিদর্শক মো. আবুল কালাম আজাদের নেতৃত্বে একটি দল ওই এলাকায় অভিযান পরিচালনা করে। অভিযানের সময় সন্দেহভাজন মিলন আহমেদকে তল্লাশি করে তার হেফাজত থেকে ২ হাজার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পরে তাকে ঘটনাস্থল থেকেই আটক করা হয়।

এ ঘটনায় পরিদর্শক মো. আবুল কালাম আজাদ বাদী হয়ে কুমারখালী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-এ আটক ব্যক্তির বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করেছেন।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কুষ্টিয়ার উপপরিচালক আসলাম হোসেন জানান, মাদকের বিস্তার রোধ এবং মাদক কারবারিদের আইনের আওতায় আনতে জেলার বিভিন্ন স্থানে গোয়েন্দা নজরদারি ও বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।

সমাজকে মাদকমুক্ত রাখতে সাধারণ মানুষের সহযোগিতাও কামনা করেছেন তারা।

উদ্ধার হওয়া ইয়াবা ট্যাবলেট জব্দ করে আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে এবং আটক আসামিকে আদালতে সোপর্দের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

মেহেরপুরে ৩টি গাঁজার গাছসহ আটক-১

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৩টি গাঁজার গাছসহ মো: আব্দুল হালিমকে(৫৫) নামের একজনকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গতকাল মঙ্গলবার রাতে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের কালীগাংনী ভিটাপাড়া বিলের মাঠে অভিযান চালিয়ে গাঁজার গাছ সহ তাকে আটক করা হয়। আটক মোঃ আব্দুল হালিম কালীগাংনীর বাসিন্দা।

এ বিষয়ে আজ বুধবার দুপুর ১টা ৫০ মিনিট এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি প্রদীপ কুমার সানা।

লিখিত প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা পুলিশের গোয়েন্দার একটি টিম জেলার সদর থানার কুতুবপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের কালীগাংনী ভিটাপাড়ার বিলের মাঠের মধ্যে চতুর-দিকে ইটের গাথুনির ওয়াল বিশিষ্ট একতলা বসত বাড়ির মাটির উঠান হতে মোঃ আব্দুল হালিমকে আটক করা হয়।

এসময় তার চাষকৃত ৩টি (তিনটি) গাঁজার গাছ উদ্ধার করা হয়েছে।গাঁজার গাছগুলোর উচ্চতা যথাক্রমে ০৯ ফুট ০৪ ইঞ্চি, ০৬ ফুট ০৩ ইঞ্চি ও ০৩ ফুট ০৬ ইঞ্চি। এবং ওজন যথাক্রমে ৩ কেজি ১০০ গ্রাম, ৪৫০ গ্রাম ও ৪০ গ্রাম। এ ঘটনায় আটক আব্দুল হালিমকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুর ডিবি পুলিশের ওসি প্রদীপ কুমার সানা বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবি পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তিনটি গাঁজার গাছসহ আব্দুল হালিমকে আটক করে।আটককৃত আব্দুল হালিমের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে থানায় হস্তান্তর করা